

## শিক্ষকদের প্রশিক্ষণ দেবে সরকার

নিজস্ব প্রতিবেদক

৭ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৭ নভেম্বর ২০১৯ ০০:৫৮

ইংরেজিতে দক্ষতা বাড়াতে দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়

থেকে কমপক্ষে দুজন করে এক লাখ ৩০ হাজার শিক্ষককে প্রশিক্ষণের ব্যবস্থা করবে সরকার। এ সংক্রান্ত একটি প্রকল্প অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। প্রশিক্ষণের জন্য ব্যয় হবে ৪৬ কোটি ৬৮ লাখ ৬৯ হাজার ২০০ টাকা। গতকাল সচিবালয়ে বৈঠক শেষে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ তথ্য জানান।

অর্থমন্ত্রী বলেন, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি-৪) অন্তর্ভুক্ত ‘সিস্টেমেটিক ইংলিশ টিচিং ফর প্রাইমারি টিচার্স’ কর্মসূচির আওতায় এক লাখ ৩০ হাজার ইংরেজি শিক্ষকের দক্ষতা বাড়াতে এ কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

advertisement